# আকাশবাণী শিলচর

## REGIONAL NEWS UNIT – SILCHAR

## EVENING NEWS BULLETIN

## BENGALI

**23 SEPTEMBER 2024** **7:45—7:55 PM IST**

==========================================================

১) পঞ্চায়েত ব্যবস্থায় প্রকৃত গণতন্ত্র পরিলক্ষিত হয় বলে কেন্দ্রীয় পঞ্চায়েত প্রতিমন্ত্রী এস পি সিং বাঘেলের মন্তব্য।

২) আয়ুষ্মান ভারত প্রধানমন্ত্রীর জন আরোগ্য প্রকল্পের ৬ বছর সম্পূর্ণ। এই প্রকল্পের অধীনে আসামের ১০ লক্ষের বেশি রোগী উপকৃত।

এবং

৩) হাইলাকান্দি জেলার শিক্ষাপ্রতিষ্ঠানগুলোতে ছাত্র-ছাত্রীদের স্কুল ছুটের প্রবণতার প্রতি কড়া নজর রাখতে ভূমি সংরক্ষণ মন্ত্রী উর্খাও গৌরা ব্রহ্মের জেলার শিক্ষা বিভাগকে নির্দেশ।

---------------------------------------------------------------------------

কেন্দ্রীয় মন্ত্রী এস পি সিং বাঘেল আজ গৌহাটীর খানাপারার প্রশাসনিক মহাবিদ্যালয়ে পঞ্চায়েতীরাজ মন্ত্রনালয়ের উদ্যোগে আয়োজিত পাচদিনব্যাপী আবাসিক অনুষদ বিকাশ কার্যসূচীর উদ্ভোধন করেন ।কেন্দ্রীয় মন্ত্রী ভাষন প্রসংগে পঞ্চায়েতে প্রকৃত গনতন্ত্র পরিলক্ষিত হয় বলে মত প্রকাশ করেন । এ উপলক্ষে আয়োজিত অনুষ্ঠানে তৃণমূল পর্যায়ের কর্মীদের সম্মুখীন হোয়া প্রত্যাহ্বান ও প্রত্যাশা সম্পর্কে তিনি আলোকপাত করে বক্তব্য রাখেন । সংবাদ মাধ্যমের সংগে কথাবার্তার সময় মন্ত্রী দেশের উন্নয়ের

জন্য স্মার্ট সিটির মতো স্মার্ট গ্রামের ধারণা গড়ে তোলার বিষয়ে গুরুত্ব আরোপ করেন ।গ্রাম্য অর্থনীতি শক্তিশালী করার জন্য প্রত্যক্ষ লাভ হস্তান্তর কার্যসূচীর ভূমিকার ওপর তিনি জোর দেন ।

-----------------------------------------------------------------------------------

আয়ুষ্মান ভারত প্রধানমন্ত্রী জন আরোগ্য যোজনার আজ ছ'বছর সম্পূর্ণ হয়েছে ।প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী ২০১৮ সালের আজকের দিনটিতে ঝারখন্ডের রাঁচিতে এই প্রকল্পের সূচনা করেছিলেন । এ উপলক্ষে কেন্দ্রীয় স্বাস্থ্যমন্ত্রী জে পি নাড্ডা সামাজিক মাধ্যমে একথা জানিয়ে বলেন যে গত ছবছরে এই উচ্চাকাঙ্খামূলক প্রকল্পটি কয়েক লক্ষ লোকের রোগ নিরাময়ের ক্ষেত্রে জীবন রক্ষাকারী চিকিৎসা প্রদান করেছে ।সমাজের দূর্বল শ্রেণীর লোকেদের জন্য সুলভ স্বাস্থ্য সেবার সুবিধা প্রদান করার সরকারের প্রতিশ্রুতির কথাও তিনি উল্লেখ করেন ।এই প্রকল্পের অধীনে প্রতিবছর প্রতিটি পরিবারকে ৫ লক্ষ টাকার স্বাস্থ্যসেবা প্রদান করার লক্ষ্য নির্ধারণ করা হয়েছে ।আসামে বিগত ৬ বছরে এই প্রকল্পের অধীনে স্বাস্থ্য সম্পর্কীত বেশ কিছু কার্যসূচী গ্রহণ করা হয়েছে ।এই প্রকল্পের হিতাধিকারীদের স্বাস্থ্য সম্পর্কীত বিভিন্ন সুবিধা প্রদান করার উদ্দেশ্যে আয়ুষ্মান কার্ড ও বিতরণ করা হয়েছে ।আসামে এই আয়ুষ্মান কার্ডের অধীনে চিকিৎসা পরিষেবা লাভ করা রোগীর সংখ্যা ১০ লক্ষেরও বেশী ।এদিকে মুখ্যমন্ত্রী জন আরোগ্য যোজনার অধীনে ৬৬ লক্ষ এবং প্রধানমন্ত্রী জন আরোগ্য যোজনার অধীনে ২ কোটি ৩ লক্ষ পরিবারকে অর্ন্তভুক্ত করা হয়েছে ।এই প্রকল্পের অধীনে সরকারী এবং বেসরকারী ক্ষেত্রের ৩০০ টি চিকিৎসালয়ের মাধ্যমে হিতাধিকারীদের নগদ বিহীন চিকিৎসা সেবা প্রদান করা হচ্ছে ।

-----------------------------------------------------------------------------------

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আগামী ২৯ শে সেপ্টেম্বর আকাশবানীর মন কী বাত অনুষ্ঠানের মাধ্যমে দেশ বিদেশের জনসাধারণের সংগে মত বিনিময় করবেন ।এটি হবে এই অনুষ্ঠানের ১১৪ তম পর্ব ।

প্রধানমন্ত্রী এই অনুষ্ঠানের জন্য জনসাধারণের কাছ থেকে পরামর্শ চেয়েছেন । জনসাধারণ ১৮০০-১১-৭৮০০ এই শুল্কবিহীন নম্বরে ফোন করে প্রধানমন্ত্রীকে পরামর্শ বা মতামত জানাতে পারবেন । এছাড়া নরেন্দ্র মোদী এ্যাপ অথবা মাই গভ ওপেন ফরামের মাধ্যমে ও পরামর্শ পাঠানো যাবে ।

-----------------------------------------------------------------------------------

কেন্দ্রীয় যোগাযোগ মন্ত্রী জ্যোতিরাদিত্য সিন্ধিয়া বলেছেন যে সরকার আগামী বছরের মাঝামাঝি সময়ে এক লক্ষ ৪-জি মোবাইল টাওয়ার স্থাপন করার লক্ষ্য ধার্য করেছে ।

তিনি বলেন এর মধ্যে ৩৬ হাজার ৫৭৪ টি ৪-জি মোবাইল টাওয়ার স্থাপনের কাজ সম্পূর্ন করা হয়েছে । শ্রী সিন্ধিয়া বর্তমান সরকারের ১০০ দিন পূর্ন হোয়া উপলক্ষে আয়োজিত অনুষ্ঠানে ভাষন দেবার সময় একথা জানান । তিনি বলেন যে ভারত বিশ্বে দ্রুত ৫ জি পরিষেবা চালুর দিকে এগিয়ে চলা সহ সমগ্র দেশে প্রায় ৪ লক্ষ ৫ হাজার ৫ -জি ভিত্তিক রেডিও ষ্টেশন স্থাপনের দিকে এগিয়ে চলেছে । মন্ত্রী বলেন এই প্রযুক্তি দেশের প্রায় সবগুলি জেলায় পৌছে গেছে এবং এর মধ্যে বর্তমানে শহরাঞ্চলের ৯৭ শতাংশ এবং সার্বিকভাবে প্রায় ৮০ শতাংশ জনসাধারণ ৪-জি পরিষেবার অধীনে অর্ন্তভূক্ত হয়েছে ।

---------------------------------------------------------------------------------------

রাজ্যের ভূমি সংরক্ষণ , হস্ত তাঁত এবং রেশম বিভাগের মন্ত্রী উর্খাও গৌরা ব্রহ্ম আজ হাইলাকান্দি জেলার শিক্ষা প্রতিষ্ঠাগুলোতে ছাত্রছাত্রীদের স্কুলছুটের প্রবণতার প্রতি কড়া নজর রাখতে শিক্ষা বিভাগকে নির্দেশ দিয়েছেন ।আজ হাইলাকান্দিতে সরকারী বিভাগগুলির এক পর্যালোচনা বৈঠকে অংশগ্রহণ করে তিনি এই নির্দেশ দেন ।শিক্ষা বিভাগের পক্ষ থৈকে সভায় জানানো হয় যে জেলার ৯৮ টি স্মার্ট ক্লাসরুমের মধ্যে ৯৭ টি চালু রয়েছে এবং ২০ টি ভার্চুয়েল ক্লাসরুম রয়েছে ।জেলা পরিষদের সি ই ও রণজিৎ কুমার লস্কর সভায় জানান যে ৩৩ হাজার ৭৯৮ টি গ্রামীণ প্রকল্পের মধ্যে ২৮ হাজার ৪৩১ টি সম্পূর্ণ হয়েছে যা ৮৪ দশমিক ১-৩ শতাংশ ।জেলার ৬২ টি অমৃত সরোবরের সৌন্দর্যায়নের জন্য গ্রহণ করা ৮৮ টি প্রকল্পের মধ্যে ৭৯ টি সম্পূর্ণ হয়েছে বলে সভায় জানানো হয় ।সভায় স্বাস্থ্য বিভাগের যুগ্ম সঞ্চালক ডাঃ অলকানন্দা নাথ জানান যে জেলায় প্রসবকালীন মায়ের মৃত্যু ২০২২-২৩ বছরে ১৮ জন ছিল যা বর্তমান বছরে ২ জনে হ্রাস পেয়েছে ।জেলায় হাসপাতালে প্রসবের হার গতবছরের ৯৫ দশমিক ৬৭ শতাংশ থৈকে বর্তমানে ৯৮ দশমিক ০২ শতাংশ বৃদ্ধি পেয়েছে ।শিশু মৃত্যুর হার গতবছরের ২৩৫ ছিল চলতি বছরে এপর্যন্ত ৪৮ এ হ্রাস পেয়েছে ।জেলা আয়ুক্ত নিসর্গ হিভারে সভায় উচ্চাকাঙ্খী জেলার বিভিন্ন পরিসংখ্যান তুলে ধরে জানান যে এর অধীনে বিভিন্ন এলাকায় প্রকল্প গ্রহণ করার ফলে জেলার প্রভূত উন্নয়ন সাধন হয়েছে ।সভায় জেলা উন্নয়ন আয়ুক্ত এল্ডার্ড ফারহিন সহ বিভিন্ন বিভাগের শীর্ষ আধিকারীকরা উপস্থিত ছিলেন ।

---------------------------------------------------------------------------------------

আসামে গত কয়েকদিন থেকে গরমের প্রকোপ অব্যাহত রয়েছে ।স্বাভাবিক তাপমাত্রা চার থেকে পাচ ডিগ্রী সেলসিয়াসে বৃদ্ধি পাওয়ার পরিপ্রেক্ষিতে রাজ্যবাসী অস্বস্তিকর পরিবেশের মধ্য দিয়ে দিন যাপন করছেন ।গৌহাটীর বরঝার আঞ্চলিক আবহাওয়া

বিজ্ঞান কেন্দ্রের প্রকাশ করা তথ্য অনুযায়ী সম্প্রতি রাজ্যের বিভিন্ন অঞ্চলে গ্রীষ্ম প্রবাহের মাত্রা অত্যধিক হারে বৃদ্ধি পেয়েছে ।গত কয়েকদিন থেকে তাপমাত্রা ৩৭ থেকে ৩৮ ডিগ্রী সেলিসিয়াস রয়েছে যদিও জলবায়ুর আদ্রতার জন্য ৪৫ থেকে ৪৮ ডিগ্রী র মতো গরম অনুভূত হচ্ছে ।

এদিকে ভারতীয় আবহাওয়া বিজ্ঞান বিভাগ আজ থেকে আসাম , মেঘালয় ,নাগাল্যান্ড , মণিপুর , মিজোরাম , ত্রিপুরা ও ওড়িষার কিছু কিছু অংশে প্রবল বৃষ্টিপাতের সম্ভাবনার পূর্বাভাষ দিয়েছে ।

-----------------------------------------------------------------------------------------

উত্তরপূর্ব সীমান্ত রেলওয়ের পক্ষ থেকে ট্রেন পরিচালনায় দক্ষতা বৃদ্ধি এবং যানজট হ্রাস করার লক্ষ্যে কাটিহার ডিভিশনের অন্তর্গত রাঙাপানি স্টেশনে ক্ষমতা বৃদ্ধির কাজ চলছে ।এর পরিপ্রেক্ষিতে আগামী ২৬ শে সেপ্টেম্বর থেকে ২৯ শে সেপ্টেম্বর পর্যন্ত বেশ কয়েকটি ট্রেনের পরিষেবা বাতিল তথা আলুয়াবাড়ি রোড - শিলিগুড়ি জংশন - নিয়জলপাইগুড়ি হয়ে পথ পরিবর্তন করা হয়েছে । ২৯ শে সেপ্টেম্বরের শিয়ালদা - সাব্রুম কাঞ্চনজঙ্ঘা এক্সপ্রেস ট্রেনের পথ পরিবর্তন করা হয়েছে ।

-----------------------------------------------------------------------------------------

সর্ব ভারতীয় কিষান খেত মজদুর সংগঠনের সর্বভারতীয় কমিটির উদ্যোগে আজ দিল্লীর তাল কোটরা ইনডোর স্টেডিয়ামে বিভিন্ন দাবীর সর্মথনে বিক্ষোভ কার্য্যসূচী পালন করা হয়েছে । সংগঠনের সভাপতি রঘুনাথ দাসের পৌরহিত্যে অনুষ্ঠিত সভায় দেশের কৃষকদের বিভিন্ন সমস্যা সমাধানের দাবী জানিয়ে সংযুক্ত কিষান মোর্চার পক্ষে যোগিন্দর সিং , প্রেম সিং গেহলত , রাজীন্দর সিং প্রমুখ বক্তব্য রাখেন ।

-----------------------------------------------------------------------------------------

পাঞ্জাব ন্যাশনেল ব্যাঙ্ক পরিচালিত পি এন বি আর সেটি কাছাড়ের উদ্যোগে জেলা গ্রাম উন্নয়ন বিভাগের সভাকক্ষে আগামী ২৫শে সেপ্টেম্বর থেকে ছয় দিনের বিশেষ প্রশিক্ষন কর্মশালা অনুষ্টিত হবে । প্রশিক্ষন কর্মশালায় কাছাড় ও হাইলাকান্দি জেলার ১৮ থেকে ৪৫ বছর বয়সের বেকার যুবক-যুবতীদের কাছ থেকে দরখাস্ত আহ্বান করা হয়েছে । কর্মশালায় সাবান, ধূপকাটি ও মোমবাতি তৈরীর প্রশিক্ষন প্রদান করা হবে । বিস্তারিত জানার জন্য ইচ্ছুক প্রার্থীদের পি এন বি আর সেটি কার্য্যলয়ের ০৩৮৪২-২৯৬২২৩ নম্বরে যোগাযোগ করতে বলা হয়েছে ।

-----------------------------------------------------------------------------------------

সি পি আই (এম) শিলকুড়ি আঞ্চলিক কমিটির শাখা সম্মেলন গতকাল শিলকুড়িতে অনুষ্ঠিত হয়েছে । দলের কাছাড় জেলা কমিটির সদস্য প্রদীপ চৌধুরী পতাকা উত্তোলন

করে সম্মেলনের উদ্বোধন করেন । অরূপ চক্রবর্তীর পৌরহিত্যে আয়োজিত সভায় সদ্য প্রয়াত দলের সর্বভারতীয় সাধারন সম্পাদক সীতারাম ইয়েচুরী এবং পশ্চিম বঙ্গের প্রাক্তন মূখ্যমন্ত্রী বুদ্ধদেব ভট্টাচার্যের স্মৃতিতে এক মিনিট নিরবতা পালন করা হয়েছে । পরে ছবি চক্রবর্তী বিগত বছরের কাজকর্মের উপর সম্পাদকীয় প্রতিবেদন পেশ করেন । সম্মেলনে মৎস্যজীবিদের সরকারী অনুদান বৃদ্ধি করা , দীর্ঘদিন থেকে বসবাসরতদের জমির পাট্টা প্রদান করা , চা শ্রমিকদের মজুরী বৃদ্ধি করার দাবী জানানো হয়েছে ।
-----------------------------------------------------------------------------------